অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন, অর্থনৈতিক অন্তর্ভুক্তি দারিদ্র্য-বিরোধী উদ্যোগের জন্য জোটের (ALLIANCE FOR ECONOMIC INCLUSION ANTI-POVERTY INITIATIVE) দ্বিতীয় দফায় 39 টি প্রকল্পে অর্থায়ন করা হবে

মধ্য নিউ ইয়র্কে দারিদ্র্য-বিরোধী প্রচেষ্টাকে সমর্থন করেছে এই জোট

এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে "মধ্য নিউ ইয়র্ক রাইজিং" ("CNY Rising") পরিকল্পনায় বর্ণিত পাঁচটি কাউন্টি অঞ্চলে দারিদ্র্যের সমস্যা উল্লেখ করা - সমাজকে পুনরুজ্জীবিত করা এবং অর্থনীতি বৃদ্ধি করার জন্য এই অঞ্চলের ব্যাপক কৌশল।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 39 টি প্রকল্পে, নিউ ইয়র্কের অর্থনৈতিক অন্তর্ভুক্তি দারিদ্র্য-বিরোধী উদ্যোগের (Economic Inclusion anti-poverty initiative) জন্য 30 মিলিয়ন মার্কিন ডলারের জোটের দ্বিতীয় দফার মাধ্যমে অর্থায়ন করা হবে। 2017 সালে প্রতিষ্ঠিত, এই অর্থিনৈতিক অন্তর্ভুক্তি জোট (Alliance Economic Inclusion, AEI), মধ্য নিউ ইয়র্কের পাঁচটি কাউন্টির 24 টি সম্প্রদায়ের নেতাদের একটি দল নিয়ে গঠিত যারা এই অঞ্চলের সরকার, ব্যবসা ও শিক্ষাঙ্গনের বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করে, এবং সম্প্রদায় দ্বারা চিহ্নিত অর্থনৈতিক সুযোগ-সুবিধা ও সমস্যার সমাধানের জন্য কাজ করে। অনোনডাগা কাউন্টি রাজ্য থেকে অর্থায়ন নিয়ে এই উদ্যোগ পরিচালনা করে, যার মধ্যে দ্বিতীয় দফায় 16 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রয়েছে প্রকল্প সমর্থনের জন্য।

"এই প্রশাসন দারিদ্র্যের সমস্যার মুখোমুখি দাড়িয়েছে এবং নিউ ইয়র্ক জুড়ে কৌশলগত বিনিয়োগ করে চলেছে যা আমাদের সম্প্রদায়ের ক্ষমতায়ন করছে এবং অর্থনৈতিক সুযোগ তৈরি করছে," **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্পগুলো বহু ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসী দ্বারা অনুভূত সাফল্যের বাধা দূর করতে এবং অর্থপূর্ণ পরিবর্তন সক্রিয় করতে সাহায্য করবে, মধ্য নিউ ইয়র্কের বৃদ্ধির ইতিবাচক গতির উন্নতির সাথে।"

মধ্য নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Central New York Regional Economic Development Council) কর্তৃক দাখিল করা সফল মধ্য নিউ ইয়র্ক রাইজিং আপস্টেট উদ্দীপনা উদ্যোগের (CNY Rising Upstate Revitalization Initiative) মাধ্যমে এই অর্থিনৈতিক অন্তর্ভুক্তি জোট (AEI) এর অর্থায়ন করা হচ্ছে, যা কায়ুগা, কোর্টল্যান্ড, ম্যাডিসন, ওসুইগো এবং অনোনডাগা

কাউন্টিগুলোর দারিদ্রের সমস্যাকে উদ্দেশ্য করে। 2018 জনসংখ্যার তথ্য দেখায়, মধ্য নিউ ইয়র্কের বাসিন্দাদের 14.5 শতাংশ বা 107,531, দারিদ্র্যের মধ্যে বসবাস করে। সিরাকিউজ শহরের মতো অধিকতর জনবহুল কেন্দ্রে দারিদ্র্যের হার উল্লেখযোগ্যভাবে বেশি।

এই পুরস্কৃত প্রকল্পসমূহ একটি বিস্তৃত বিষয়ের পরিসীমা আবরণ করে এবং একে ছয়টি শ্রেণীতে ভাগ করা হয়: প্রারম্ভিক শৈশব শিক্ষা, পরিবহন, জনবল উন্নয়ন, উচ্চ-মাধ্যমিক শিক্ষা, আশেপাশের এলাকা পুনরুজ্জীবিতকরণ এবং স্টার্টআপ অর্থায়নে প্রবেশাধিকার। অর্ধেকের বেশি প্রকল্পগুলো জনবল উন্নয়নে গুরুত্ব প্রদান করে, যার অভাব দারিদ্র্য থেকে মানুষকে সরানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য বাধা হয়ে রয়েছে।

নির্বাচিত দফা 2 প্রকল্পের মধ্যে রয়েছে:

সাইরেইউজ আরবান পার্টনারশিপ (Syracuse Urban Partnership, SYRUP): SYRUP দারিদ্র্যসীমার সর্বোচ্চ কেন্দ্রীকরণ দ্বারা চিহ্নিত এলাকায় কাজ করে এবং অর্থনৈতিক বৈষম্য এবং অসুবিধাগুলির সমাধানের চেষ্টা করে, নিম্ন আয়ের পার্শ্ববর্তী অধিবাসীদের জন্য ব্যবসায়িক সুযোগের সুবিধা প্রদান করা এবং তাদের সম্প্রদায়ে ছোট ব্যবসা শুরু ও সফলভাবে পরিচালনা করতে সাহায্য করার মাধ্যমে। SYRUP এর লক্ষ্য হল, সাধারণ সম্পদ গড়ে তোলা এবং তাদের পার্শ্ববর্তী এলাকার পুনরুজ্জীবিতকরণে যৌথ পদক্ষেপের মাধ্যমে দৈনন্দিন দৃশ্যমান নেতৃত্ব প্রদান করা। প্রথম বছরের বাজেট: 253,000 মার্কিন ডলার/মোট বাজেট: 1,001,000 মার্কিন ডলার।

অনপয়েন্ট ক্যারিয়ার পরিষেবা: ওসুইগো এবং কায়ুগা কাউন্টিতে ক্যারিয়ার পরিষেবা প্রদান করে, ক্যারিয়ার পরিষেবা, স্কুল চলাকালীন এবং শীতের ছুটির সময় তাদের ইন্টার্নশিপের সুযোগ প্রসারিত করবে, 2017 সালে শুরু একটি সফল ইন্টার্নশিপ প্রোগ্রামের উন্নয়নের সাথে। প্রথম বছরের বাজেট: 333,333 মার্কিন ডলার/মোট বাজেট: 1,000,000 মার্কিন ডলার।

প্রারম্ভিক শিক্ষণ শিশুযত্নের জন্য কোর্টল্যান্ড কাউন্টি সুস্থির এবং সম্প্রসারণ কার্যক্রম (Cortland County Stabilization and Expansion Program for Early Learning Childcare): কার্যক্রম প্রাথমিক শিক্ষণ (জন্ম থেকে 5 বছর পর্যন্ত) যত্ন ব্যবস্থা স্থিতিশীল এবং প্রসারিত করার জন্য কোর্টল্যান্ড কাউন্টিতে শিশু উন্নয়ন সহযোগীদের (Child Development Associate, CDA) প্রশিক্ষণ এবং প্রমাণপত্রাদি প্রদান করবে। প্রথম বছরের বাজেট: 280,659 মার্কিন ডলার/মোট বাজেট: 629,889 মার্কিন ডলার।

কোড নিয়ে কেরিয়ার - হ্যাক আপস্টেট (Hack Upstate): পাঁচটি-কাউন্টি অঞ্চলে একটি কোডিং বুটাক্যাম্প যা মধ্য নিউ ইয়র্কে দারিদ্র্য মোকাবেলায় সাহায্য করার জন্য নারী ও সংখ্যালঘুদের কম্পিউটার প্রোগ্রামিং শেখায়। 24 সপ্তাহের নির্দেশের পরে স্থানীয় নিয়োগদাতাদের সঙ্গে ইন্টার্নশীপ এবং প্রাথমিক স্তরের সফ্টওয়্যার উন্নয়নের কাজ পেতে শিক্ষার্থীদের প্রযুক্তিগত দক্ষতা প্রদান করে। প্রথম বছরের বাজেট: 299,384 মার্কিন ডলার/মোট বাজেট: 618,000 মার্কিন ডলার।

পাঁচটি কাউন্টির মধ্যে প্রকল্পসমূহ এই প্রকার প্রদান করা হয়, কায়ুগা, দুই; কোর্টল্যান্ড, তিন; ম্যাডিসন, চার; অনোনডগা, 22; আর ওসুইগো, তিন। পাঁচটি প্রকল্প একাধিক কাউন্টিকেও সংযোজিত করেছে। প্রতিটি কাউন্টিতে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মোট মানুষের সংখ্যার সাথে সম্পর্কিত রয়েছে বন্টিত অর্থের শতকরা হার।

39টি নির্বাচিত প্রকল্পের একটি সম্পূর্ণ তালিকার জন্য, এখানে ক্লিক করুন।

AEI এর মাধ্যমে দারিদ্র্য বিরোধী প্রচেষ্টার জন্য এই 30 মিলিয়ন মার্কিন ডলার, সেই 20 মিলিয়ন মার্কিন ডলারের প্রদানকে সম্পূর্ণ করে যেটি রাজ্য ইতিমধ্যে নিউ ইয়র্ক রাজ্য সিরাকিউজ প্রতিশ্রুতি বৃত্তি তহবিলের (New York State Syracuse Promise Scholarship Fund) জন্য পুরস্কৃত করেছে যা সিরাকিউজ শহরের স্কুল স্নাতকদের বৃত্তি প্রদান করে।

এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development)-র ভারপ্রাপ্ত কমিশনার এবং সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা-মনোনীত এরিক জে গার্টলার বলেন, "অর্থনৈতিক সুযোগ তখনই ঘটে যখন আমাদের একটি জোরদার অংশীদারিত্ব থাকে যা সকলের জন্য লাভবান সমাধান প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। অর্থনৈতিক অন্তর্ভুক্তির জন্য এই জোট সেই সমাধানগুলি প্রদান করে চলেছে, যা কৌশলগত কর্মসূচির মাধ্যমে সকল মধ্য নতুন ইয়র্কবাসীর সাফল্যের একটি শক্ত পথ তৈরি করে।"

সেন্ট্রাল নিউইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Council, REDC) সহ-সভাপতিগণ র‍্যান্ডি ওলকেন, ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অফ সেন্ট্রাল নিউ ইয়র্ক (Manufacturers Association of Central New York, MACNY) প্রেসিডেন্ট এবং সিইও এবং অসোয়েগোতে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের (State University of New York at Oswego) সভাপতি বলেন, "মধ্য নিউ ইয়র্কের প্রতিটি মানুষের জন্য অর্থনৈতিক সমৃদ্ধি ও সমতা নিশ্চিত করা একটি বাস্তবতা যা মধ্য নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের অগ্রাধিকার। অর্থনৈতিক অন্তর্ভুক্তির জন্য এই জোট, আমাদের কাউন্সিল এবং রাজ্য ও স্থানীয় সহযোগীদের মাধ্যমে আমরা কাজ করছি এটি নিশ্চিত করতে যে এই প্রকল্পগুলি এই অঞ্চলের পাঁচটি রাজ্যের প্রতিটি মানুষকে উপকৃত করবে, সবার জন্য সুযোগ তৈরি করবে।"

সেনেটর র‍্যাচেল মে বলেছেন, "অর্থনৈতিক অন্তর্ভুক্তির জন্য এই জোট, মধ্য নিউ ইয়র্কে দারুণ কাজ করছে দারিদ্র্য সমস্যার একাধিক বাধাকে মোকাবেলা করতে। আমাদের এলাকা এবং সম্প্রদায়ের ব্যবসা বৃদ্ধি সাহায্য করার জন্য দীর্ঘমেয়াদী সুযোগে বিনিয়োগ শুধুমাত্র সেই বাধাগুলো অতিক্রম করার জন্য না বরং ব্যবসা বৃধি এবং উত্পাদনশীল সম্পদ গড়ে তুলতে সর্বোত্তম উপায়। 53 তম জেলা জুড়ে সিরাকিউস আরবান পার্টনারশিপ (Syracuse Urban Partnership) এবং অন্যান্য দল এই কাজ করছে, এবং তাদের সমর্থন অব্যাহত রাখার জন্য আমি রাজ্যের কাছে কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম এ. বারক্লে বলেছেন, "এগুলো মধ্য নিউ ইয়র্ক সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ বিনিয়োগ যা মানুষকে দারিদ্র্য থেকে বের করে আনতে এবং সমৃদ্ধির সুযোগ তৈরি করে দেওয়ার

প্রচেষ্টার বৃদ্ধি করে। 30 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নে, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং স্থানীয় কর্মকর্তারা প্রাথমিক শৈশব শিক্ষার উন্নতি, চাকরির প্রশিক্ষণ ও দক্ষতা বিকাশ এবং নতুন ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির সম্ভাবনা বাড়িয়ে তোলার জন্য কর্মসূচি আরও জোরদার করতে সুযোগ পাবেন। এই উদ্যোগগুলি ভবিষ্যতের জন্য লাভবান সুবিধা প্রদানের সাথে সাথে বর্তমানে দ্রুত সহায়তা প্রদান করতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য গ্যারি ফিঙ্ক বলেন, "এগুলো পরিশ্রমী মানুষের জন্য সত্যিকারের সুযোগ তৈরি করার লক্ষ্যণীয় ও কাণ্ডজ্ঞান সহ প্রচেষ্টা। রাজ্যের বিনিয়োগের জন্য আমি প্রশংসা করছি। ছোট ব্যবসাকে সমর্থন করা থেকে প্রাথমিক শৈশব শিক্ষা, আমাদের উদীয়মান প্রযুক্তি সেক্টরে বিনিয়োগ থেকে ইন্টার্নশীপ প্রোগ্রাম প্রসারিত করা,এইগুলি এই ধরনের সমাধান যা মানুষকে অর্থপূর্ণ পেশার জন্য প্রস্তুত করে এবং দারিদ্র থেকে বেড়িয়ে মধ্যবিত্তের মধ্যে প্রবেশ করার সিঁড়ী প্রদান করে।"

সংসদ সদস্য পামেলা হান্টার বলেন, "সম্প্রদায়ের নেতাদের সাথে কাজ করে এবং ওই একই সম্প্রদায়ের প্রতি স্বাতন্ত্র্য চিহ্নিত করা কর্মসূচি গড়ে তোলার মাধ্যমে অর্থনৈতিক অন্তর্ভুক্তি দারিদ্র্য-বিরোধী উদ্যোগের জন্য জোট এই দারিদ্র্য বিরোধী পদক্ষেপগুলো কার্যকর এবং টেকসই হওয়ার সম্ভাবনা বাড়িয়ে দেয়। যখন অনোনডাগা কাউন্টিতে প্রোগ্রামের সংখ্যা, সিরাকিউসের দক্ষিণ দিকের মত এলাকায় অনুপাতহীন উষ্চ হারে দারিদ্র্যের সমস্যা উল্লেখ করে, এটি আমাদের দারিদ্র্য শেষ করার এবং নতুন সুযোগের মাধ্যমে আমাদের পরিবারদের আর্থিকভাবে স্বাধীন হতে সাহায্য করার প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

অ্যাসেম্বলি মেম্বার উইলিয়াম বি. ম্যাগ্নারেলি বলেন, " অ্যালায়েন্স ফর ইকোনমিক ইনক্লুশনের এই দফার দ্বারা অর্থায়িত প্রকল্পগুলো আশা করা হয় অর্থনৈতিক অসাম্যের কথা সরাসরিভাবে তুলে ধরে পরিবর্তন সৃষ্টি করতে সাহায্য করবে। এই অর্থায়িত প্রকল্পগুলি হচ্ছে এমন সব প্রোগ্রাম যা মানুষকে শেখার সুযোগ দেয় এবং সেই পরিস্থিতিকে অতিক্রম করার সুযোগ করে দেয়, যা তাদেরকে আরো বেশি উৎপাদনশীল জীবন যাপন করার থেকে ব্যাহত করে। "

সংসদ সদস্য আল স্টাইপ বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে আমরা যে বড় চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি তার মধ্যে একটি হলো প্রাজন্মিক দারিদ্র্য। এই প্রোগ্রামের জন্য অর্থায়ন এই চ্যালেঞ্জকে মোকাবেলা করতে সাহায্য করবে এবং বর্তমান প্রজন্মকে দারিদ্র্যের এই চক্রকে ভাঙতে একটি লড়াইয়ের সুযোগ দেয়। আমি বিশেষভাবে আনন্দিত এই দেখে যে, অনপয়েন্ট ক্যারিয়ার সার্ভিসেস ও SYRUP-এর মতো এই অসামান্য প্রোগ্রাম এই গুরুতরভাবে গুরুত্বপূর্ণ সহায়তা গ্রহণ করছে।"

ওনোন্ডাগা কাউন্টি এক্সিকিউটিভ রায়ান ম্যাকমাহন বলেন, "আজ আমাদের সম্প্রদায়ে দারিদ্র্যের মোকাবেলার জন্য আমাদের প্রচেষ্টায় আরেকটি ইতিবাচক ধাপ নেওয়াকে চিহ্নিত করে। সাম্প্রতিক তথ্য উদীয়মান হওয়ার দ্বারা আমরা উৎসাহিত হলেও, AEI-এর এই সাম্প্রতিক দফাটা নিঃসন্দেহে আমাদের অগ্রগতি গড়ে তুলতে সাহায্য করবে। এই প্রচেষ্টায় তাঁদের অংশীদারিত্বের জন্য গভর্নর কুওমো এবং তাঁর টিমকে ধন্যবাদ জানাই। একসাথে কাজ করে, আমরা নিশ্চিত করতে পারি যে দারিদ্র্য শুধু এক মুহূর্ত সময় কারোর জন্য এবং জীবনের একটি উপায় নয়।"

সেরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "সফলভাবে মানুষ ও পরিবারদের দারিদ্র্য থেকে বের করতে সাহায্য করার জন্য সরকার এবং সম্প্রদায়ের অংশীদারদের মধ্যে সামঞ্জস্যপূর্ণ এবং কার্যকর সহযোগিতা প্রয়োজন হয়। অ্যালায়েন্স ফর ইকোনমিক ইনক্লুশন এই ধরনের অংশীদারিত্ব অর্জন করার জন্য গঠন এবং সম্পদ উভয়ই প্রদান করে। AEI সিরাকিউস শহর এবং ওনোন্ডাগা কাউন্টি শহরকে সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে আমাদের সম্প্রদায়ে দারিদ্র্য হ্রাস করতে অগ্রগতির জন্য, এবং আমরা গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই তাঁর অব্যাহত সমর্থনের জন্য।"

আঞ্চলিকভাবে নিবদ্ধ AEI উদ্যোগ স্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যার মোকাবেলার জন্য তৈরি করা হয়, নিরাপদ সাশ্রয়ী মূল্যের হাউজিং তাদের জন্য যাদের এটি প্রয়োজন এবং কর্মজীবন এবং প্রযুক্তিগত শিক্ষাগত সুযোগ বৃদ্ধির জন্য। সেই উদ্যোগগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছিল যা বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করে যেমন সিস্টেম পরিবর্তন সম্বোধন করা, সাশ্রয়ী সমাধান প্রদান করে যা বৃহত্তর অডিয়েন্স দ্বারা মাপযোগ্য, সহযোগিতা, অংশীদারিত্ব এবং/অথবা জোট-ভিত্তিক সমাধান এবং টেকসই সমাধানে যা অর্থাগমের সময়সীমা শেষ হওয়ার পর বিদ্যমান থাকবে।

AEI অর্থায়নে প্রথম দফাকে পুরস্কার প্রদানের পর থেকে প্রতি বছর 6.9 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে, দুই বছরের বেশি সময়ের এই প্রকল্পগুলির মধ্যে অনেক সফলভাবে বাস্তবায়িত হয়েছে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের সর্বত্র কমিউনিটিতে পার্থক্য গড়ে তুলছে। গত বছর ধরে, ওনোন্ডাগা কাউন্টি এই নতুন পর্বের পুরস্কারের প্রস্তুতির জন্য এই অঞ্চলের মাধ্যমে প্রযুক্তিগত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে, যাতে আমাদের অঞ্চলে বাস করা অনেকের দ্বারা মুখোমুখি হওয়া পরিবহনের বাধাকে সাহায্য করে এমন অ্যাপ্লিকেশনগুলির উপর জোর দেওয়া হয়েছে। অ্যাপ্লিকেশন গ্রহণ বন্ধ হয় 13 সেপ্টেম্বর, 2019 এ, এবং এ বছর কমিটি 72টি আবেদন প্রাপ্ত হয়েছে।

সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই রাজ্য ইতিমধ্যেই 6.3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি স্থাপন করেছে। বর্তমানে বেকারত্ব কমে মহামন্দার সময় থেকে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর নিম্ন পর্যায়ে রয়েছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিকাশ এবং বিনিয়োগের জন্য গন্তব্য হিসেবে সিরাকিউজ, ওসঅয়েগো এবং অবার্নের মতো জায়গা নির্বাচন করছে।

বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য

উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন